# শ্রীশ্রীহরি সঙ্গীত

## ১৩১ নং তাল-যৎ

ভক্তিকে যে তুচ্ছ করে মুক্তি করে শ্রেষ্ঠ,
হরি-নামে পাপ খণ্ডে ব্যাখ্যা করে সেই দুষ্ট।।
১। মাঘে, প্রয়োগে, ক'রলে স্নান, কোটি কন্যা করলে দান,
সুমেরু সুবর্ণ দান, নাম হ'তে অতি নিকৃষ্ট।।
২। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরে, নামের গুণ না বলতে পারে,
হরিনামে কি ফল ধরে, কে করে তাহার নির্দ্দিষ্ট।।
৩। কোটি তীর্থ করলে ভ্রমণ, কল্পান্তর করলে যোগ সাধন,
নামের তুল্য না হয় কখন, ভাগবতে বলে স্পষ্ট।।
৪। সত্যভামা করি ব্রত, পেয়েছিল কিঞ্চিত তত্ত্ব,
হরি হতে নাম মহাত্ম্য, ওজনেতে হ'ল শ্রেষ্ঠ।।
৫। তারকচাঁদের এই ভারতী, হরি নামে হ'লে আর্ত্তি,
ঘটিবে প্রেম মধুর রতি, অশ্বিনী তোর দুরাদৃষ্ট।।

## ১৩২ নং তাল-গড়খেমটা

হরি প্রেম সাগরে বান ডেকেছে ভাই,
এবার ঘুচ্‌লরে, কুলের বালাই, গেলরে ভবের বালাই।।
১। যত কুল মান ছিল, অকূলেতে ডুবিল,
অভিমানের পাহাড় ভেঙ্গে উথলে উঠিল।
কত কুলজার কুল ভেসে গেল, গেলরে কুলের বড়াই।।
২। যত ভক্ত বেহাল, হয়ে প্রেম রসে মাতাল,
ব্রহ্ম তালে রুদ্র তালে, কেউ ধরেছে তাল।
মাতাইল আকাশ পাতাল, জগতে কেউ বাকী নাই।।
৩। দেখে প্রেমের তরঙ্গ, ঘুচল কাম কলির রঙ্গ,
হরি ভক্তের নফর হয়ে, নাচে অনঙ্গ।
কলি বাঞ্ছে সাধুর সঙ্গ, রাজ্যধনে কার্য্য, নাই।।